To get free Live Classes, Materials Scan this QR Code & Download our Adda247 App

**20 February 2024**

## National & International News

| | |
|---|---|
| সুপ্রিম কোর্ট বনভূমির বিস্তৃত সংজ্ঞা সমর্থন করেছে<br><br>Verdict on woods<br>**Some of the observations made by the SC over the pleas challenging the 2023 amendments to the Forest (Conservation) Act, 1980**<br>▪ The "all-encompassing" dictionary meaning will continue to hold field until the States and Union Territories prepare a consolidated record of forest lands<br>▪ Environment Ministry should issue a circular in this regard to the States and Union Territories<br>▪ Establishment of "zoos or safaris" must have the final approval of the top court | প্রসঙ্গ:<br>• **1996** সালের আদেশ অনুসারে, সুপ্রিম কোর্ট কেন্দ্রীয় সরকারকে আপাতত 'বনভূমির' বিস্তৃত সংজ্ঞা মেনে চলার নির্দেশ দিয়েছে।<br>• এই সিদ্ধান্তের ফলে **1.97** লক্ষ বর্গকিলোমিটারের অঘোষিত বনভূমিকে সংজ্ঞায়িত 'বন'-এর আওতায় অন্তর্ভুক্ত করা হবে।<br><br>গুরুত্বপূর্ণ দিক:<br>• ভারতের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চ বন (সংরক্ষণ) আইন, 1980-এর 2023 সংশোধনীকে চ্যালেঞ্জ করে আবেদনের শুনানির সময় এই নির্দেশ জারি করেছিলেন।<br>• এই আইনটি মূলত অরণ্যনিধন এবং পরিবেশগত ভারসাম্যহীনতা রোধ করার জন্য প্রণীত হয়েছিল।<br><br>সুপারিশ:<br>• 2023 সালের সংশোধনীগুলি **1980** সালের পরে সরকারী রেকর্ডে শুধুমাত্র 'বন' হিসাবে নথিভুক্ত বনাঞ্চল এবং জমিগুলিকে অন্তর্ভুক্ত করার জন্য বনভূমির সংজ্ঞাকে সীমাবদ্ধ করেছিল।<br>• তবে, আদালত তামিলনাড়ুর গোদাবর্মণ থিরুমুলপাদের মামলার ওপর ভিত্তি করে বনভূমির আভিধানিক অর্থ অনুসরণ করার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছে।<br>• আদালত স্পষ্ট জানিয়েছে যে সরকারি নথিতে বনভূমি হিসাবে নথিভুক্ত জমিগুলির মধ্যেই বনাঞ্চল সীমাবদ্ধ করা উচিত নয়।<br>• আদালত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে সরকারী নথিতে বনভূমি হিসাবে নথিভুক্ত সমস্ত জমির একটি একত্রিত রেকর্ড সংকলন করার নির্দেশ দিয়েছে এবং পরিবেশ মন্ত্রককে আগামী **15**ই এপ্রিল, **2024** এর মধ্যে এই রেকর্ডগুলি তার ওয়েবসাইটে প্রকাশ করার নির্দেশ দিয়েছে।<br>• এছাড়াও, আদালত বাধ্যতামূলক করেছে যে কোনও সরকার বা কর্তৃপক্ষ দ্বারা চিড়িয়াখানা বা সাফারি স্থাপনের জন্য সুপ্রিম কোর্ট থেকে চূড়ান্ত অনুমোদন পেতে হবে।<br>• চলতি বছরের জুলাই মাসে এই মামলাটির আবার শুনানি হওয়ার কথা রয়েছে। |
| মোরোধারো | • সম্প্রতি গুজরাটের কচ্ছ জেলায় প্রত্নতাত্ত্বিকরা মোরোধারো নামে একটি সুরক্ষিত হরপ্পা বসতি আবিষ্কার করেছেন।<br>• **2600-1900** খ্রিস্টপূর্বাব্দের এই বসতিতে **102** মিটার ও **58** মিটারের দৈর্ঘ্য ও প্রস্থসম্বলিত একটি দুর্গ প্রাচীর রয়েছে যা **3.3** মিটার পুরু।<br>• এই বসতিতে একটি **10x10** মিটারবিশিষ্ট একটি প্ল্যাটফর্ম এবং |

| | |
|---|---|
| | একটি কূপ পাওয়া গেছে।<br>● ধোলাভিরার জিনিসপত্রের অনুরূপ কবরের স্তূপ এবং হরপ্পা মৃৎপাত্র পাওয়া গেছে।<br><br>সিন্ধু সভ্যতার মূল বৈশিষ্ট্য:<br>● হরপ্পা সভ্যতা ছিল দক্ষিণ এশিয়ার প্রথম নগর সভ্যতা, যা প্রায় **800,000** বর্গ কিমি জুড়ে বিস্তৃত ছিল।<br>● এর প্রধান শহরগুলি ছিল হরপ্পা, মহেঞ্জোদারো, ধোলাভিরা, লোথাল, সুরকোটাদা, কালিবঙ্গান, বানওয়ালি এবং রাখিগড়হি।<br>● এই সভ্যতার শহর পরিকল্পনায় আয়তক্ষেত্রাকার গ্রিড প্যাটার্ন, পরিকল্পিত রাস্তা ও গলিপথ, দুর্গ ইত্যাদি পরিলক্ষিত হয়। শহরগুলিতে উচ্চ দুর্গসম্বলিত বসতি (সিটাডেল) এবং নিম্ন লোকালয়ের বিভাজন ছিল।<br>● এই সভ্যতার লোকেরা ব্যাপকভাবে পোড়া ইট ব্যবহার করত এবং এখানে বহুতল বাড়ি, উঠোন এবং অত্যাধুনিক নিষ্কাশন ব্যবস্থাসহ উন্নত আবাসিক এলাকা ছিল। |
| রিপ **(RIP)** কারেন্ট<br><br><br> | **প্রসঙ্গ:**<br>● হায়দ্রাবাদের ইন্ডিয়ান ন্যাশনাল সেন্টার ফর ওশান ইনফরমেশন সার্ভিসেস **(INCOIS)** এবং ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন **(ISRO)** ক্রমাগত রিপ স্রোত সম্পর্কিত অপারেশনাল পূর্বাভাস সতর্কতা নিরীক্ষণ এবং জারি করার জন্য একটি প্রকল্পে সহযোগিতা করছে।<br><br>সম্পর্কিত:<br>● রিপ স্রোত হল শক্তিশালী জলপ্রবাহ যা সমুদ্র সৈকত থেকে খোলা মহাসাগর, সমুদ্র বা হ্রদের দিকে প্রবাহিত হয়।<br>● এগুলি প্রস্থে 45 মিটার (150 ফুট) ছাড়িয়ে যেতে পারে। তবে, সাধারণত এটি 9 মিটারের (30 ফুট) চেয়ে কম প্রশস্ত হয়, যার গতি প্রতি ঘন্টায় 8 কিলোমিটার (5 মাইল) পর্যন্ত হতে পারে।<br>● এই রিপ স্রোত বিশ্বব্যাপী সবচেয়ে বিপজ্জনক প্রাকৃতিক বিপদগুলির মধ্যে একটি হিসাবে বিবেচিত হয়।<br><br>কিভাবে এগুলি গঠিত হয়**?**<br>● রিপ স্রোত তখনই তৈরি হয় যখন ঢেউ উপকূলরেখার কাছে ভেঙে যায় এবং বিক্ষিপ্ত ঢেউ এবং সৈকতের মধ্যে জল জমা করে।<br>● এই জল সমুদ্রে ফেরানোর উপায়গুলির মধ্যে একটি হল রিপ স্রোত তৈরি করা। এটি জলের একটি সংকীর্ণ স্রোত যা উপকূল থেকে লম্বভাবে দ্রুত দূরে সরে যায়। |

বিশ্ব সামাজিক ন্যায়বিচার দিবস
**( ওয়ার্ল্ড ডে অফ সোশ্যাল জাস্টিস)**




প্রসঙ্গ**:**

- জাতিসংঘের সাধারণ পরিষদ 20শে ফেব্রুয়ারিকে বার্ষিক বিশ্ব সামাজিক ন্যায়বিচার দিবস হিসাবে মনোনীত করে। এটি 2007 সালের 26 নভেম্বরে প্রদত্ত একটি ঘোষণায় সাধারণ পরিষদের 63তম অধিবেশন থেকে শুরু হয়।
- **2024** সালের বিশ্ব সামাজিক ন্যায়বিচার দিবসের থিম হল **"**ব্রিজিং গ্যাপস**,** বিল্ডিং অ্যালায়েন্স**"**।

ভারতীয় প্রেক্ষাপটে সামাজিক ন্যায়বিচার

- ভারতীয় প্রেক্ষাপটে, সামাজিক ন্যায়বিচার হল একটি বহুমুখী ধারণা যা বর্ণবাদ, নারীর প্রতি বৈষম্য এবং অর্থনৈতিক বৈষম্যসহ বিস্তৃত বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করে।
- ভারতীয় সংবিধান এই ধারণাটিকে **'**সমাজতান্ত্রিক**', '**সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচার**', '**সমতা**',** ইত্যাদি আকারে প্রস্তাবনা ও অন্যান্য বিধানে গ্রহণ করে। এটি স্পষ্টভাবে বার্তা দেয় যে রাষ্ট্র মানুষের সামাজিক কল্যাণে এবং একটি সমতাপূর্ণ সমাজ প্রতিষ্ঠার প্রচেষ্টায় ব্যাপকভাবে জড়িত।

সরকারি স্কিমগুলি যা সামাজিক ন্যায়বিচারকে সহায়তা করে**:**

- **MGNREGA**
- স্কিল ইন্ডিয়া মিশন
- আইসিডিএস **(ICDS)**
- প্রধানমন্ত্রী আবাস যোজনা
- অটল ভয়ো অভ্যুদয় যোজনা **(AVYAY)**
- পিএম**-**জনমন

***Copyright © by Adda247***
*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.*